

# KANSAI HELIOS GROUP

## পরিবেশ নীতি

KANSAI HELIOS GROUP এ আমরা আমাদের Operation এবং Value chain জুড়ে পরিবেশগত দায়িত্বশীলতাকে অগ্রাধিকার দিই যা বর্তমান এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাসায়নিক শিল্পে একটি দায়িত্বশীল প্রতিষ্ঠান হিসাবে আমরা ISO 14001:2015 এবং Eco Vadis এর সুপারিশ অনুযায়ী আমাদের কার্যক্রমের মাধ্যমে পন্য এবং পরিষেবায় পরিবেশগত প্রভাব ন্যূনতম করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই নীতি

KANSAI গ্রুপের সমস্ত সহযোগী সংস্থা, প্রতিষ্ঠান, এবং বিভাগ এর জন্য প্রযোজ্য। প্রতিটি কর্মচারীকে তাদের দৈনন্দিন কাজে এই নীতিগুলি মেনে চলতে হবে এবং আমরা আমাদের ব্যবসায়ী অংশীদার, সরবরাহকারী এবং ঠিকাদারদের কেও এই নীতি অনুসরণ করার জন্য উৎসাহিত করব।

### আমাদের লক্ষ্য হলো:

#### → আইনি সম্মতি:

নিয়মিত মূল্যায়নের মাধ্যমে সমস্ত প্রাসঙ্গিক পরিবেশগত আইন ও বিধি নিষেধ মেনে চলা।

#### → পরিবেশগত ব্যবস্থাপনা:

সমস্ত সহযোগী প্রতিষ্ঠানে ISO 14001:2015 Certificate অর্জন এবং এর গুণগতমান বজায় রাখা ও আমাদের পরিবেশ ব্যবস্থাপনা ব্যবস্থা (EMS) ক্রমাগত উন্নত করা।

#### → জলবায়ুর পরিবর্তন প্রশমন:

আমাদের প্রতিষ্ঠানে Value Chain জুড়ে গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানোর, শক্তি দক্ষতা (Energy) বৃদ্ধি করা এবং Scope 1,2,3 নির্গমন নিয়ন্ত্রণ করা।

#### → সম্পদ দক্ষতা:

সম্পদের ব্যবহার ন্যূনতম করা, পুনর্নবীকরণযোগ্য শক্তির নতুন উৎস সন্ধান করা এবং দক্ষতা ও বর্জ্য হ্রাস সহায়ক প্রযুক্তিতে বিনিয়োগে উৎসাহিত করা।

#### → জীব বৈচিত্র্য এবং পরিবেশগত সেবা:

জীব বৈচিত্র্যেও সংরক্ষণের প্রতি আমাদের প্রতিশ্রুতি হিসাবে প্রাকৃতিক আবাসস্থল এর সংরক্ষণ এবং উন্নয়ন করা।

#### → জল ব্যবস্থাপনা:

সংস্থার দায়িত্বশীল বর্জন নিষ্কাশন এবং দূষণ প্রতিরোধের উপর জোর দিয়ে দক্ষতার সাথে সঠিক জল ব্যবস্থাপনার পদ্ধতির বিকাশ করা।

#### → বর্জ্য ব্যবস্থাপনা:

সঠিক বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে বর্জ্য হ্রাস ও এর পুনর্ব্যবহার বৃদ্ধি করা এবং পরিবেশগত প্রভাব কমানোর ব্যবস্থা করা।

#### → পণ্যের দায়িত্বশীলতা:

পণ্যের সম্পূর্ণ জীবন চক্র জুড়ে একটি দায়িত্বশীল ব্যবস্থাপনা নিশ্চিত করা। পরিবেশগতভাবে টেকসই পণ্য উৎপাদন এবং সরবরাহকারী ও গ্রাহকদের সঙ্গে সহযোগিতার মাধ্যমে এর নিরাপদ ব্যবহার পরিচালনা ও নিষ্পত্তি ব্যবস্থা করা।

#### → উদ্ভাবন ও গবেষণা:

পরিবেশগত প্রভাব কমাতে এবং টেকসই চর্চা এগিয়ে নিয়ে যেতে আধুনিক প্রযুক্তি এবং প্রক্রিয়ার উন্নয়নের জন্য সম্পদের বরাদ্দ করা।

#### → দূষণ প্রতিরোধ:

উৎসেই দূষণ প্রতিরোধের জন্য ব্যবস্থা করা এবং বায়ু, জল ও মাটিতে এর নির্গমন ন্যূনতম করা পাশাপাশি পরিবেশগত ঝুঁকি চিহ্নিত ও এর নিয়ন্ত্রণ করা।

#### → ক্রমাগত উন্নতি:

আমরা ক্রমাগত উন্নতির জন্য প্রতিশ্রুতিবদ্ধ, পরিমাপযোগ্য উদ্দেশ্য ও লক্ষ্য নির্ধারণ করে এর অগ্রগতি পর্যবেক্ষণ করি এবং পরিবেশগত কার্যকারিতা উন্নত করতে সংশোধন মূলক ব্যবস্থা গ্রহণ করা।

এই নীতি সময়ে সময়ে পর্যালোচনা করা হবে যাতে এর উপযোগিতার যথার্থতা এবং কার্যকারিতা নিশ্চিত করা যায় যা গুরুত্বপূর্ণ আইন বিষয় প্রযুক্তি এবং পরিবেশগত কার্যকারিতার পরিবর্তনকে প্রতিফলিত করবে।

**Mr. Bastian Krauss,**

President &

Chief Executive Officer